

## আহমদীয়া মুসলিম জামা'ত প্রধানের সুইডেনে আগমন সুইডেনে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর দ্বিতীয় সফরের সূচনা



আহমদীয়া মুসলিম জামাতের বিশ্বনেতা, পঞ্চম খলীফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ১০ই মে ২০১৬ তারিখে ৬-দিন ব্যাপী ডেনমার্ক সফরশেষে সুইডেনের মালমোতে পৌঁছান।

হযর (আই.) গাড়ি দিয়ে মালমো পর্যন্ত যান এবং সুইডেনের সীমানায় প্রবেশ করার পর তাঁকে নবনির্মিত মাহমুদ মসজিদে নিয়ে আসা হয় যেখানে সুইডেনের আহমদীয়া মুসলিম জামা'তের ন্যাশনাল প্রেসিডেন্ট, মি. মামুন-উর-রশীদ সাহেব এবং আরো শত শত আহমদী মুসলিম পুরুষ, মহিলা ও শিশু-কিশোর-কিশোরী।



পরবর্তীতে মাগরিব ও ইশার নামায পড়ানোর আগে হুযূর (আই.) মসজিদ প্রাঙ্গন পরিদর্শন করেন।



সুইডেন সফরকালে হুযূর (আই.) ইনশাআল্লাহ্ সাপ্তাহিক জুমুআর খুৎবা প্রদানের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে নতুন মসজিদটি উদ্বোধন করবেন এবং তাঁর এই সফরের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য সংবর্ধনা অনুষ্ঠানেও বক্তব্য প্রদান করবেন।



হুযূর (আই.) বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ ও রাজনীতিবিদের সাথে সাক্ষাৎ করবেন, কিছু সংবাদমাধ্যমের সাথে সাক্ষাৎকারে অংশগ্রহণ করবেন এবং সুইডেনে বসবাসরত আহমদীদের সাথে ব্যক্তিগত সাক্ষাৎ করবেন।